



## পরিস্থিতি অনুকূলে এলেই দেশে আসবেন তারেক রহমান: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশের পরিস্থিতি নিয়েই সর্বক্ষণ খোঁজখবর রাখছেন এবং নেতাকর্মীদের সঙ্গে ধারাবাহিক যোগাযোগ বজায় রাখছেন বলে জানিয়েছেন দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ। তিনি বলেন, “সময় উপযুক্ত হলেই তিনি দেশে ফিরবেন।”

রোববার (৩০ নভেম্বর) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রিজভী এই মন্তব্য করেন।

খালেদা জিয়ার চিকিৎসায় অবস্থার প্রসঙ্গে রিজভী আহমেদ এভারকেয়ার হাসপাতালের সামনে অযথা ভিড় না করার অনুরোধ জানান। তিনি বলেন, “হাসপাতালে আরও অনেক রোগী আছেন তাদের চিকিৎসায় যেন কোনো ব্যাঘাত না ঘটে, সেদিকে সকলকে সতর্ক থাকতে হবে।” একই সঙ্গে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সাবেক প্রধানমন্ত্রীর সুস্থতার জন্য দোয়া করার আহ্বান জানান তিনি।

রিজভী আরও বলেন, খালেদা জিয়ার শারীরিক অবস্থা এখনও স্থিতিশীল কিন্তু অপরিবর্তিত। বিদেশে নেওয়ার বিষয়ে মেডিকেল বোর্ড এখনো চূড়ান্ত সিদ্ধান্ত দেয়নি। আশা করা হচ্ছে, তিনি দ্রুত সুস্থ হয়ে উঠবেন।

এসময় তিনি জানান, বিজয়ের মাস ডিসেম্বর উপলক্ষে ঘোষিত বিএনপির দুই সপ্তাহব্যাপী দলীয় কর্মসূচি আপাতত স্থগিত রাখা হয়েছে।